

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-২৪.০২.০০০০.০০১.১৮.০৪.১৪-৭১

তারিখঃ ১৬ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ।
০১ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ।

বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাঙ্গাইল পরিদর্শন প্রতিবেদন

১। গত ১৯/১০/২০১৯ তারিখে বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাঙ্গাইল পরিদর্শন করি। পরিদর্শনকালে অধ্যক্ষ, শিক্ষক মন্ডলী, অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন। কলেজটি বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন শীর্ষক প্রকল্পের মাধ্যমে স্থাপিত হয়। কলেজটি ১১ একর ভূমির উপর স্থাপিত। প্রকল্পটি নির্মাণে ব্যয় হয় ১০৬৩১.০০ লক্ষ টাকা। টাঙ্গাইল ময়মনসিংহ হাইওয়ের পাশে অবস্থিত এ ক্যাম্পাসে ১৩টি স্থাপনাসহ অভ্যন্তরীণ রাস্তা, সীমানা প্রাচীর, বহিঃবিদ্যুতায় ও সাবস্টেশন, মনুমেন্ট ও কানেক্টিং করিডোর রয়েছে। এছাড়াও রয়েছে বিজয় ৭১, চরকা, ছয় দফার মত দৃষ্টিনন্দন অনেক স্থাপনা।

২। কলেজটিতে রাজস্ব খাতে অনুমোদিত জনবল ৫৯ জন। কর্মরত আছেন ৪২ জন এবং ১৭ টি পদ শূন্য রয়েছে। আউট সোর্সিং খাতে ১৪ টি পদ অনুমোদিত আছে এবং সবগুলো পদ পূরণ করা হয়েছে ও কর্মরত আছে। কর্মরতদের মধ্যে ১জন টেকনিক্যাল এ্যাসিস্টেন্ট টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট, কিশোরগঞ্জে সংযুক্তিতে আছেন, পি এ কাম সাঁটলিপিকার, বেগম আমিনা মনসুর ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউট, কাজিপুর, সিরাজগঞ্জ স্থাপন প্রকল্প, বস্ত্র অধিদপ্তর প্রধান কার্যালয়ে সংযুক্তিতে আছেন, ১ জন টেইলার মাস্টার, টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট, মুন্সিগঞ্জে সংযুক্তিতে আছেন, ১জন সহকারী অধ্যাপক, শহীদ আব্দুর রব সেরনিয়াবত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশালে সংযুক্তিতে আছেন ফলে সংশ্লিষ্ট মেশিনারিজ বন্ধ সহ ব্যবহারিক ক্লাসে বিঘ্ন ঘটছে।

৩। ২০১০-২০১১ শিক্ষাবর্ষ হতে এই কলেজে শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। কলেজটি ২০১৫-২০১৬ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ছিল। ২০১৬-২০১৭ সন হতে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হয়ে ৪টি বিভাগে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। অভিভুক্তির শর্তসমূহ যথাযথ প্রতিপালনের জন্য পরামর্শ দেয়া হলো।


৪। বর্তমানে কলেজটিতে বিভিন্ন বর্ষে ৪৩৩ জন শিক্ষার্থী অধ্যয়নরত আছে। এর মধ্যে ছাত্র ৩৯৯ জন ও ছাত্রী ৩৪ জন। এ পর্যন্ত মোট ৪৬৩ জন ছাত্র/ছাত্রী উক্ত প্রতিষ্ঠান থেকে পাশ করে বের হয়ে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে চাকরি করছে। ছাত্র/ছাত্রী ভর্তি ও পাশের বিবরণ নিম্নরূপঃ

| ভর্তির সেশন | অনুমোদিত আসন সংখ্যা | ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা | | মোট | পরীক্ষার্থীর সংখ্যা | পাশকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা | | মোট | পাশের হার | মন্তব্য |
|-------------|---------------------|-------------------------------|--------|-----|---------------------|-----------------------------|--------|-----|-----------|---------------------|
| | | ছাত্র | ছাত্রী | | | ছাত্র | ছাত্রী | | | |
| ২০১০-১১ | ৫২ | ৪৯ | ২ | ৫১ | ৪৮ | ৪৫ | ২ | ৪৭ | ৯৭.৯২% | সাপ্লিমেন্টরীতে পাশ |
| ২০১১-১২ | ৮০ | ৬৯ | ১০ | ৭৯ | ৭৩ | ৬১ | ৮ | ৬৯ | ৯৪.৫২% | স্থগিত ৪ জন |
| ২০১২-১৩ | ৮০ | ৭৩ | ৭ | ৮০ | ৮২ | ৭২ | ৮ | ৮০ | ৯৭.৫৬% | স্থগিত ২ জন |
| ২০১৩-১৪ | ৮০ | ৭৪ | ৬ | ৮০ | ৭৯ | ৭৩ | ৬ | ৭৯ | ১০০% | - |
| ২০১৪-১৫ | ১০০ | ৮৭ | ১৩ | ১০০ | ০ | ০ | ০ | ০ | ০ | - |
| ২০১৫-১৬ | ১০০ | ৯২ | ৮ | ১০০ | ০ | ০ | ০ | ০ | ০ | - |

| | | | | | | | | | | |
|---------|-----|-----|----|-----|-----|-----|----|-----|--------|--|
| ২০১৬-১৭ | ১২৫ | ১১৮ | ৭ | ১২৫ | ১৩৯ | ১২৬ | ৭ | ১৩৩ | ৯৫.৬৮% | লেভেল-১, টার্ম-২ এ ফলাফলে ০৬জন অকৃতকার্য |
| ২০১৭-১৮ | ১২৫ | ১১৭ | ০৮ | ১২৫ | ০ | ০ | ০ | ০ | ০ | ফলাফল প্রকাশিত হয়নি |
| সর্বমোট | ৭৪২ | ৬৭৯ | ৬১ | ৭৪০ | ৪২১ | ৩৭৭ | ৩১ | ৪০৮ | - | - |

৫। এই কলেজে ২১৬ আইটেমের মেশিনপত্র রয়েছে। যান্ত্রিক ত্রুটির কারণে কিছু কিছু মেশিন ব্যবহার করা যাচ্ছে না। এগুলো কিভাবে চালু করা যায় সে বিষয়ে একটি প্রস্তাব প্রেরণ করার জন্য পরামর্শ দেয়া হয়।

পর্যায়ক্রমে শূন্যপদ পূরণ এবং সংযুক্তি বাতিল করে কলেজের জনবল ভারসাম্য করা হবে। মেশিন সমূহ চালু করার বিষয়ে একটি প্রস্তাব প্রেরণ করতে হবে। শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষা করে দক্ষতার সাথে পাঠদানের জন্য শিক্ষকমণ্ডলীকে অনুরোধ জানানো হলো।


 (দিলীপ কুমার সাহা)
 মহাপরিচালক
 বঙ্গ অধিদপ্তর, ঢাকা।
 ফোনঃ ৯১৩৮৬৬১।

বিতরণ:

- ১। সচিব, বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন ও অর্থ)/পরিকল্পনা ও উন্নয়ন, বঙ্গ অধিদপ্তর, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, টেক্সটাইল বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাঙ্গাইল।